গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৫.১১২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার **সতর্কবার্তা:**
সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।
**২। আজ ০১ মে ২০২৫ তারিখ সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না
**৩। আজ ০১ মে ২০২৫ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ বাংলাদেশের দক্ষিণপশ্চিমাঞ্চল হয়ে পশ্চিমবঙ্গ থেকে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ
**প্রথম দিন (০১.০৫.২০২৫ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে: বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (০২.০৫.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (০৩.০৫.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (০৪.০৫.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী এবং খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, ময়নসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপামাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পঞ্চম দিন (০৫.০৫.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধাণত শুষ্ক থাকতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে: বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থাঃ** দিন এবং রাতের তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৭ নিকলি | **৩৫.০ বাঘাবাড়ী** | ৩২.৩ রংপুর | ৩৩.৫ নেত্রকোনা | ৩৪.৩ শ্রীমঙ্গল | ৩৩.৫ রাঙ্গামাটি | ৩৪.০ চুয়াডাংগা | ৩১.৫ খেপুপাড়া |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২১.৬ ফরিদপুর | ২১.০ ঈশ্বরদী | ২০.৫ তেঁতুলিয়া | ২১.০ ময়মনসিংহ | ২৩.৬ শ্রীমঙ্গল | ২১.৪ বান্দরবান | **২০.৫ তেঁতুলিয়া ও চুয়াডাংগা** | ২২.৮ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **বাঘাবাড়ী ৩৫.০$^o$** সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ও চুয়াডাংগা **২০.৫$^o$** সে.।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯ এপ্রিল ২০২৫ খ্রিঃ রাত ১২.০০টা থেকে ৩০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৩ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৯ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ০ | ০ | ০ |
| ৮। | রংপুর | ২ | ০ | ০ |
| | মোট | ১৯ | ০ | ০ |

০১-০৫-২০২৫
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৫.১১২/১ (১১)

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০১-০৫-২০২৫
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা